

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৪৮

بَابِ وَمِنْ سُورَةِ اقْرَأُ بِاسْمِ رَبِّكَ

আরবী

حَدَّ ثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ مَعْمَرٍ، عَنْ عَبْدِ الْكَرِيمِ الْجَزَرِيِّ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، رضى الله عنهما: (سنَدْعُ الزَّبَانِيَةَ) قَالَ قَالَ أَبُو جَهْلٍ لَئِنْ رَأَيْتُ مُحَمَّدًا يُصلِي لأَطَأَنَّ عَلَى عُنُقِهِ. فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " لَوْ فَعَلَ لأَخَذَتْهُ الْمَلاَئِكَةُ عِيَانًا ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ.

বাংলা

৩৩৪৮. আবদ ইবন হুমায়দ (রহঃ) ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে (سَنَدُعُ الزَّبَانِيَة) আমরাও আহ্বান করব জাহান্নামের প্রহরীগণকে (সূরা আলাক ৯৬ঃ ১৮) এ প্রসঙ্গে বর্ণিত আছে তিনি বলেনঃ আবু জাহল বললঃ মুহাম্মদকে সালাত (নামায) আদায় করতে যদি দেখি, তবে অবশ্যই তার গর্দানে পা মাড়িয়ে ধরব। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শুনে বললেনঃ সে যদি এমন করে তবে ফিরিশতারা অবশ্যই তাকে প্রকাশ্যে পাকড়াও করবে।

সহীহ, বুখারি ৪৯৫৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৪৮ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) হাদীসটি হাসান- সহীহ-গারীব।

English

Ikrimah narrated from Ibn Abbas [may Allah be pleased with them] regarding:

We will call on the guards of Hell. He said: "Abu Jahl said: 'If I see Muhammad praying, then I shall stomp upon his neck.' So the Prophet said: 'If he does, he will be visibly seized by the angels.'"



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন